

নথি নং-৫কাস (১২২) লাইসেন্স/বিবিধ/আইসিডি/২০১৬/

তারিখঃ ১১/২০২২

বিজ্ঞপ্তি

কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা-২০২০ এর বিধি-১৫ এর বিধান মোতাবেক কাস্টম হাউস আইসিডি, কমলাপুর ঢাকার আওতাধীন যে সকল কাস্টমস এজেন্টস লাইসেন্স এর মেয়াদ আগামী ৩১/১২/২০২২ খ্রি: তারিখে উত্তীর্ণ হবে তা পরবর্তী ০৫ (পাঁচ) বছর (২০২৩-২০২৭) মেয়াদে নবায়নের লক্ষ্যে আগামী ২৬/১০/২০২২ খ্রি: তারিখের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টম হাউস আইসিডি, কমলাপুর ঢাকা বরাবর আবেদনপত্র দাখিল করার জন্য সংশ্লিষ্ট লাইসেন্সিকে অনুরোধ করা হয়। ঢাকা কাস্টম এজেন্ট এসোসিয়েশন এর পত্র নং- ডিসিএ/০৩/০৬(১৯১৯)/২০২২/৭৮০, তারিখ: ২৩/১০/২০২২ খ্রি: এর আবেদনের আলোকে একই বিধিমালায় বিধি-১৫ এর উপ বিধি ২ মোতাবেক লাইসেন্স নবায়নের আবেদন দাখিলের সময়সীমা ৩০ (ত্রিশ) কার্যদিবস অর্থাৎ আগামী ০৭/১২/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হল।

০২। নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের আবেদন পত্র না পাওয়া গেলে বা অসম্পূর্ণ আবেদন পত্র কিংবা যথাযথ দলিলাদি/কাগজপত্র ব্যতীত আবেদন দাখিল করা হলে যথাসময়ে লাইসেন্স নবায়ন করা সম্ভব হবে না। আগামী ৩১/১২/২০২২ খ্রি: তারিখ হতে Asycuda world system এ মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স এর AIN নম্বর সমূহ স্বয়ংক্রিয়ভাবে lock হয়ে যাবে। বর্ণিতব্যয়, জটিলতা এড়ানোর লক্ষ্যে যথাসময়ে লাইসেন্স নবায়ন কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া, যে সকল কাস্টমস সরকার পারমিট ৩১/১২/২০২২ খ্রি: মেয়াদ উত্তীর্ণ হবে, তা পরবর্তী মেয়াদে নবায়নের লক্ষ্যে ০৭/১২/২০২২ খ্রি: তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হলো। বিশেষ প্রাণ্ড আবেদনসমূহ কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর বিধি ১৫ এর লংঘন হিসেবে গণ্য হবে।

লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নিম্নলিখিত দলিলাদি দাখিল করতে হবেঃ

- ক) ২০/- (বিশ) টাকা মূল্যমানের কোর্ট ফি সফলিত লেটার হেড প্যাডে লাইসেন্স নবায়নের আবেদন,
- খ) মূল বুকলেট এর কপি;
- গ) মূল লাইসেন্স এর কপি;
- ঘ) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি;
- ঙ) হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত কপি;
- চ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র (লাইসেন্সে উল্লিখিত ঠিকানা অনুযায়ী) এবং উত্তরপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মুসক চালানের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ছ) লাইসেন্স নবায়নের ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার (ট্রেজারী চালান টি আর -৬ এর মাধ্যমে, যার কোড নং ১-১১৩১-০০২০১৮৫৪) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- জ) লাইসেন্স নবায়নের ফি এর উপর ১৫% ভ্যাট এর টাকা (ট্রেজারী চালান টি আর -৬ এর মাধ্যমে, যার কোড নং ১-১১৩১-০০২০০৩১১) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- ঝ) সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন কর্তৃক প্রদানকৃত হালনাগাদ মেম্বারশীপ সনদ;
- ঞ) বিগত মেয়াদের (২০১৮-২০২২ পর্যন্ত) কার্য সম্পাদনের বিবরণী;
- ট) মেয়াদ উত্তীর্ণ সদস্যগণের বিপরীতে নতুন সদস্যপত্র অথবা ব্যাক গ্যারান্টি বিধি মোতাবেক (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে।

স/:

মো: ফখরুল আমিন চৌধুরী

উপকমিশনার

সদস্য-সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষের পক্ষে।

তারিখঃ ০৮/১১/২০২২

নথি নং-৫কাস (১২২) লাইসেন্স/বিবিধ/আইসিডি/২০১৬/ ১০৪২৫ ১০৪২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা [তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে -এ ধারন করার জন্য অনুরোধ করা হলো]।
- ২। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, আইসিডি কমলাপুর, ঢাকা।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, ঢাকা [সংশ্লিষ্ট সকল লাইসেন্সিকে যথাসময়ে লাইসেন্স নবায়ন হওয়ার বিষয়টি অবহিত করতে অনুরোধ জানানো হলো]।
- ৪। পিএ টু কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। নোটিশ বোর্ড, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।

মো: ফখরুল আমিন চৌধুরী

উপকমিশনার

ও

সদস্য-সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ।